অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/24/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সাশ্রয়ী আবাসনের বীমার কেটে বৈষম্যের মোকাবেলা করার নির্দেশনা প্রদান করলেন

নির্দেশনাটি বীমা প্রদানকারীদের অবগত করে যে একটি সম্পত্তির সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্ট হওয়ার দশার উপর বা একজন ভাড়াটিয়ার আয়ের উৎসের সম্পর্কে প্রশ্ন করা বা এর উপর ভিত্তি করে আওতার সিদ্ধান্ত গ্রহণ করা তাদের জন্য নিষিদ্ধ

সাশ্রয়ী আবাসন প্রদানকারী এবং সেকশন 8 হাউজিং চয়েস ভাউচার প্রাপকদের বিরুদ্ধে বৈষম্যের মোকাবেলা করার জন্য গভর্নরের অর্থবছর 2025 বাজেটের চুক্তির উপর ভিত্তি করে এটি হচ্ছে

সার্কুলারের চিঠিটি পড়ুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে নতুন নির্দেশনা ঘোষণা করলেন যেখানে বীমা প্রদানকারীদের অবগত করা হয়েছে যে একটি সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্ট হিসেবে একটি সম্পত্তির দশা বা ভবনের অভ্যন্তরে ভাড়াটিয়ার আয়ের মাত্রা বা উৎস, যেমন সরকারি সহায়তা সম্পর্কে প্রশ্ন করা বা তার ভিত্তিকে আওতার সিদ্ধান্ত গ্রহণ করা তাদের জন্য নিষিদ্ধ।নিউ ইয়র্ক স্টেটের আর্থিক পরিষেবা বিভাগের (New York State Department of Financial Services, DFS) এই নির্দেশনা হলো ভাড়াটিয়াদের আয়ের উৎস বা ভবনের অভ্যন্তরে সাশ্রয়ী বসবাসের ইউনিটের অস্তিত্বের কারণে বীমা প্রদানকারীদের বৈষম্য করাকে নিষিদ্ধ করতে অর্থবছর 2025 এর বাজেটের অংশ হিসেবে গভর্নরের নিশ্চিত করা বিধিমালার অনুবর্তী।

"নতুন এই নির্দেশনার মাধ্যমে আমরা বীমাকারীদের উপর নোটিশ প্রদান করছি: আমাদের সাশ্রয়ী আবাসন প্রদানকারীদের বিরুদ্ধে বৈষম্য নিউ ইয়র্ক সহ্য করবে না," **গভর্নর হোকল বলেন।** "বীমার বৈষম্য সম্পত্তির মালিকদের এবং ভাড়াটিয়াদের ব্যয় বৃদ্ধি করে এবং অগণিত সাশ্রয়ী বাসাকে ঝুঁকিগ্রস্ত করে। আমাদের আবাসনের বাজারে ন্যায্যতা নিশ্চিত করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য ব্যয় কম রাখতে সকল ধরনের আবাসন বৈষম্যের বিরুদ্ধে আমাদের আইন প্রয়োগ আমার প্রশাসন বলীয়ান করছে।"

নিউ ইয়র্ক স্টেট আর্থিক পরিষেবা বিভাগের সুপারিন্টেনডেন্ট এড্রিয়ান এ. হ্যারিস বলেন, "নিউ ইয়র্কের সাশ্রয়ী আবাসন প্রদানকারীদের বিরুদ্ধে যাতে বৈষম্য না করা হয় তা নিশ্চিত করার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ ধাপ। আরো সমতার একটি আর্থিক সেবা ব্যবস্থা

গঠনের জন্য আমাদের মিশনের সেবায় বৈষম্যের সমাধান করার ব্যাপারে বিভাগ যেই কাজ করেছে তার জন্য আমরা অত্যন্ত গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "পুরো নিউ ইয়র্কের ভাড়াটিয়ারা তাদের সেকশন 8 ভাউচারের দশাসহ তাদের আয়ের উৎসের উপর ভিত্তি করে আবাসনের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সম্মুখীন হয়। সেকশন 8 ভাউচার প্রাপকদের এবং সাশ্রয়ী আবাসনে বসবাস করা ভাড়াটিয়াদের বিরুদ্ধে নেতিবাচক মনোভাব পোষণ করা বৈষম্যমূলক, সেটি একজন বীমা প্রদানকারীর বীমার হার নির্ধারণ করার ক্ষেত্রে বা একজন আবাসন প্রদানকারীর বাসিন্দাদের আবাসনের ব্যবস্থা থেকে বঞ্চিত করার ক্ষেত্রে হতে পারে। গভর্নরের সমর্থন করা এই আইনটি নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্কে বৈষম্য সহ্য না করা হয়, এর ফলে ভাড়াটিয়া এবং আবাসন প্রদানকারী উভয়ের জন্য অ্যাক্সেসের সুযোগ তৈরি করা হবে। সাশ্রয়ী আবাসনে আমাদের বিনিয়োগ যাতে অত্যাধিক বীমার ব্যয়ের দ্বারা খর্ব না হয় তা নিশ্চিত করতে, নিউ ইয়র্কবাসীর জন্য আবাসনের সুযোগ প্রদান করা অব্যাহত রাখার সুযোগ আমাদেরকে প্রদান করার ক্ষেত্রে এটি আরেকটি অগ্রগামী ধাপ।"

যার উপর ভিত্তি করে প্রশ্ন করা বা বাতিলের বিবেচনা করা, ইস্যু বা নবায়ন করা প্রত্যাখ্যান করা, প্রিমিয়াম বৃদ্ধি করা, বা আওতার বহির্ভূত করা, সীমিত করা, নিষিদ্ধ করা বা হ্রাস করা বীমাকারীদের জন্য নিষিদ্ধ করা হচ্ছে:

- ভবনে এমন বসবাসের ইউনিটের উপস্থিতি যা একটি সরকারি চুক্তি অনুযায়ী নির্দিষ্ট আয়ের মাত্রার বাসিন্দাদের জন্য সাশ্রয়ী;
- একটি আবাসিক ভাড়ার ভবনের মালিক বা ভাড়াটিয়া, বা একটি সমবায় আবাসন কোঅপারেশনের শেয়ারহোল্ডাররা যদি সরকারি ভাড়া সহায়তা পেয়ে থাকে;
- ভবনের বাসিন্দাদের আয়ের মাত্রা বা উৎস; অথবা
- ভবনটি মালিক একটি লিমিটেড ইক্যুইটি কোঅপারেটিভ, সরকারি আবাসন কর্তৃপক্ষ, বা বেসরকারি আবাসন অর্থ আইনের বিশেষ প্রবিধানের আওতাভুক্ত সমবায় আবাসন কোঅপারেশন কিনা।

2022 সালের নভেম্বর মাসে প্রকাশিত একটি প্রতিবেদনের অনুবর্তী এই গুরুত্বপূর্ণ বিধিমালা যেখানে নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের সাথে মিলে DFS সাশ্রয়ী বা ভর্তুকি পাওয়া আবাসন ইউনিটসহ ভবনের ক্ষেত্রে সম্পত্তি/দুর্ঘটনার বীমা কোম্পানিসমূহের অনুশীলনকে পর্যালোচনা করেছে। পাশাপাশি, এজেন্সি দুইটি সাশ্রয়ী আবাসনের নির্মাতাদের সাথে কথা বলেছে যারা ইঙ্গিত করেছে যে সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্টের জন্য তারা উল্লেখযোগ্য প্রিমিয়াম বৃদ্ধি বা পলিসি পাওয়ার ক্ষেত্রে কাঠিন্যের সম্মুখীন হয়েছে।

সার্কুলার চিঠির একটি কপির জন্য অনুগ্রহ করে DFS এর ওয়েবসাইট ভিজিট করুন।

গভর্নর হোকলের আবাসন এজেন্ডা
DFS এর এই নতুন নির্দেশনা হলো নিউ ইয়র্কের সাশ্রয়ী আবাসনের সরবরাহ তৈরি ও সংরক্ষণ করতে, নিউ ইয়র্কের ভাড়াটিয়াদের মূল্য গজিং এবং আবাসনের উচ্চ মূল্য থেকে সুরক্ষিত

রাখতে, এবং চলমান আবাসন সঙ্কটের সমাধান করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির অনুবর্তী। অর্থবছর 2025 এর বাজেটের অংশ হিসেবে গভর্নর হোকল একটি ল্যান্ডমার্ক আবাসন চুক্তি নিশ্চিত করেছেন যা নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বৃদ্ধি করবে, ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের সুরক্ষিত রাখবে, এবং সেকশন 8 হাউজিং চয়েস ভাউচার (Housing Choice Voucher) প্রাপক এবং সাশ্রয়ী আবাসন প্রদানকারীদের বিরুদ্ধে বৈষম্যের মোকাবেলা করবে। পাশাপাশি, গভর্নর অর্থবছর 2023 সালের প্রণীত বাজেটের অংশ হিসেবে একটি পাঁচ বছর মেয়াদি, 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনার জন্য তহবিল নিশ্চিত করেন যা 100,000 ইউনিট সাশ্রয়ী আবাসন নির্মাণ বা সংরক্ষণ করবে।

এছাড়াও এই নির্দেশনাটি হলো নিউ ইয়র্ক স্টেট থেকে আবাসন বৈষম্য নির্মূল করার জন্য গভর্নরের ন্যায্য আবাসন এজেন্ডারও অনুবর্তী। বাসা ভাড়া এবং বিক্রির লেনদেনের ক্ষেত্রে বৈষম্য সমূলে অপসারণ করার জন্য তৈরি নিউ ইয়র্কের ন্যায্য আবাসন টেস্টিং কর্মসূচির (Fair Housing Testing Program) 2.2 মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রসারণ গভর্নর ঘোষণা করেছেন। সম্ভাব্য ভাড়াটিয়া এবং কেনার জন্য বাড়ির খোঁজ করছেন এমন ব্যক্তি হিসেবে ছদ্মবেশে টেস্টারদেরকে স্টেটজুড়ে মোতায়েন করার জন্য নিউ ইয়র্ক ছয়টি অলাভজনক সংস্থার সঙ্গে অংশীদারিত্ব গড়ে তুলছে। সম্প্রসারণটি সন্দেহভাজন আবাসন সংক্রান্ত বৈষম্যের ব্যাপারে স্বতস্ফুর্তভাবে তদন্ত করার এবং বাড়িওয়ালা, ভাড়াটে, রিয়েল এস্টেট পেশাদার এবং স্থানীয় সরকারগুলির কাছে ন্যায্য আবাসনের অধিকার এবং প্রয়োজনীয়তার বিষয়ে শিক্ষা এবং প্রসারের প্রচেষ্টা বাড়াতে রাজ্যের ক্ষমতাকে বাড়িয়েছে। নিউ ইয়র্কবাসীদের প্রতি আবাসন সংক্রান্ত বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষা বাড়ানোর জন্য গভর্নর যুগান্তকারী আইনটিতেও স্বাক্ষর করেছেন।

আবাসনের ক্ষেত্রে বেআইনি বৈষম্যের সম্মুখীন হলে নিউ ইয়র্কবাসীরা অনলাইনে বা 1-888-392-3644 নম্বরে ফোন করে মানবাধিকার বিভাগের (New York State Division of Human Rights, DHR) কাছে একটি অভিযোগ দায়ের করতে পারবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন